

প্রতিবেশী

আমি ছোট থেকে ভূগোলের হাত ধরে চলি
 হাত দিয়ে ঘষে ঘষে পার হই ম্যাপের সীমানা
 কখনও পাহাড়ে হাত গেলে ছুঁয়ে যাই বরফ শীতল
 পাঁচ মহাসাগরের জল আর জলজ শ্যাওলা।
 বিস্তৃত গমের ক্ষেতে গেলে মনে পড়ে মাআমার ভাজছেন টি
 গোল গোল সুকান্তের চাঁদ। সামনে জ্বলছে ভিসুভিয়াস
 আঙুনে বালসে যায় চোখ। রোম থেকে ভেসে আসেনিরোর বেহালা।
 জ্বলছে বাড়ীর ধারে আগ্নেয় মেখলা, মুগ্ধ ও চোখ
 ছুঁয়ে যায় বৃষ্টি অরণ্য আমাজন। ওঙ্গা শিশুর মত
 আদিম বালক আমি নাচি ফুটপাতে
 কবি নাকি রাষ্ট্রনায়ক !

অনিন্দিতা গোস্বামী

